

জাতীয়

রাড্ডা স্বাস্থ্যকেন্দ্রে হামলা, শাহ আলী থানার ওসি প্রত্যাহার

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: রোববার, ২৭ সেপ্টেম্বর ২০২৬, ১২:৪২ PM



ঢাকা মেট্রোপলিটন পুলিশ

রাজধানীর মিরপুরে রাড্ডা স্বাস্থ্যকেন্দ্রে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনার পর শাহ আলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহাঙ্গীর আলমকে প্রত্যাহার করা হয়েছে। তাকে ডিএমপির সদরদপ্তর ও প্রশাসন বিভাগের কেন্দ্রীয় সংরক্ষণ দপ্তরে সংযুক্ত করা হয়েছে।

শনিবার (২৬ সেপ্টেম্বর) ডিএমপি কমিশনার মোসলেহ উদ্দিন আহমদ স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। আদেশে বলা হয়েছে, প্রশাসনিক কারণে ২৬ সেপ্টেম্বর অপরাহ্নে জাহাঙ্গীর আলমকে নতুন কর্মস্থলে সংযুক্ত করা হয়েছে। আদেশটি অবিলম্বে কার্যকর হবে।

অফিস আদেশে জাহাঙ্গীর আলমকে নিরস্ত্র পুলিশ পরিদর্শক হিসেবে উল্লেখ করা হয়েছে। তার নতুন কর্মস্থল হিসেবে সদরদপ্তর ও প্রশাসন বিভাগের কেন্দ্রীয় সংরক্ষণ দপ্তর নির্ধারণ করা হয়েছে।

এর আগে মিরপুর-১ নম্বরে রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে গভীর রাতে ভারী ভেকু মেশিন দিয়ে একটি পাকা ও তিনটি সেমিপাকা ভবন গুঁড়িয়ে দেওয়া হয়। এ ঘটনায় হামলা, ভাঙচুর ও লুটপাটের অভিযোগ ওঠে।

পুলিশ জানায়, ঘটনায় এখন পর্যন্ত ৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। লুট হওয়া মালামালভর্তি দুটি ট্রাকও উদ্ধার করা হয়েছে।

রাড্ডা কর্তৃপক্ষের অভিযোগ, হামলার সময় ঘটনাস্থলে পুলিশ উপস্থিত থাকলেও কার্যকর কোনো পদক্ষেপ নেয়নি। পুলিশের নিষ্ক্রিয়তার অভিযোগের পর শাহ আলী থানার ওসির বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু হয়েছে।

ঘটনার পর পুলিশের গাফিলতি খতিয়ে দেখতে ডিএমপি কমিশনার মোসলেহ উদ্দিন আহমদ ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এ ঘটনায় তিন সদস্যের একটি উচ্চপর্যায়ের তদন্ত কমিটিও গঠন করা হয়েছে।

এদিকে হামলায় রাড্ডা স্বাস্থ্যকেন্দ্রের ভবনগুলো ক্ষতিগ্রস্ত হওয়ায় খোলা আকাশের নিচে টিকাদান কার্যক্রম চালাতে হচ্ছে। এতে সেবা নিতে আসা সাধারণ মানুষকে ভোগান্তিতে পড়তে হচ্ছে।

এ বিভাগের আরও খবর



গাজীপুরে গার্মেন্টসে আগুন: আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার
গাজীপুরের ভেগার ঢালা এলাকায় একটি তৈরি পোশাক কারখানায় লাগা আগুনে কারখানার ভেতরে আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। আ...



হাসিনাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের বিকল্প ছিল না: ভারতীয় হাইকমিশনার
২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার...



কঠোর নিরাপত্তায় রূপপুরে পৌঁছাল প্রথম ইউরেনিয়ামের চালান
কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পৌঁছেছে ইউরেনিয়ামবাহী গাড়িবহর। আজ শনিবার (৩ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে গাড়িবহর...



চট্টগ্রাম বন্দরে ১৫০ টন বিপজ্জনক কেমিক্যাল ধ্বংস শুরু
চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা নিশ্চিত করা এবং কনটেইনার জট কমাতে দীর্ঘদিন পড়ে থাকা বিপজ্জনক কেমিক্যাল ধ্বংসের কার্যক্রম শুরু হয়েছে। এসব কেমিকা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/radda-sbasthjkendre-hamla-shah-ali-thanar-osi-prtjahar>